দৈনিক বাংলা

তারিখ ... 5/5/79 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

035

# বৃটেনে রক্ষণশীল দলের বিজয়

লন্ডন, ৪ঠা মে (রয়টার)।— বৃটেনের সাধারণ নির্বাচনে রক্ষণশীল দল সার্বিক সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়লাভ করেছে এবং দলের নেত্রী মিসেস মার্গারেট থ্যাচার নয়া প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। নির্বাচনে রক্ষণশীল দলের বিজয়ের পর রানী এলিজাবেথ আজ রাতে মিসেস থ্যাচারকে ডেকে পাঠান এবং সরকার গঠন করতে বলেন। মিসেস থ্যাচার হলেন বৃটেন তথা ইউরোপের ইতিহাসে প্রথম মহিলা প্রধানমন্ত্রী।

প্রাপ্ত সর্বশেষ ফলাফল অনুযায়ী কমন্সসভার ৬৩৫টি আসনের মধ্যে রক্ষণশীল দল ৩৩৪টি এবং শ্রমিক দল ২৬৭টি আসন পেয়েছে। এছাড়া লিবারেল পার্টি ১৩ ও স্কটিজ ন্যাশনাল পার্টি পেয়েছে ২টি আসন।

লন্ডন থেকে রয়টার জানাচ্ছে, ৫৩ বছর বয়স্ক মিসেস থ্যাচার দলীয় সদর দফতরে বসে সংগঠকদের নিয়ে শ্যাম্পেন পান করতে করতে উৎফুল্লকন্ঠে ঘোষণা করেন, আমরা যা চেয়েছিলাম সবই পেয়েছি।

## থ্যাচার প্রথম মহিলা প্রধানমন্ত্রী

নির্বাচনে পরাজিত শ্রমিকদলীয় প্রধানমন্ত্রী জেমস কালাহান রানীর সাথে সাক্ষাৎ করে তার পদত্যাগপত্র পেশ করেন। এরপর রানী মিসেস থ্যাচারকে ডেকে পাঠান এবং সরকার গঠন করতে বলেন।



মার্গারেট থ্যাচার

টেলিভিশন কম্পুটারে আগেই পূর্বাভাষ দেয়া হয়েছিল যে রক্ষণশীল দল সাধারণ সংখ্যাগরিষ্ঠতার চাইতেও ৪০টির বেশী আসন পাবে।

টোকিও থেকে এএফপির খবরঃ জাপানের মুখ্য কেবিনেট সচিব বলেছেন, রক্ষণশীল দলের এই বিজয় জাপান ও বৃটেনের মধ্যে কূটনৈতিক সম্পর্কের ক্ষেত্রে মৌলিক কোন পরিবর্তন আনবে না।

থ্যাচারের বিজয় সম্পর্কে চীনের মন্তব্য হচ্ছেঃ থ্যাচার একজন কট্টর সোভিয়েট বিরোধী।